



বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

Empowered lives.
Resilient nations.

স্মারক নং: স্থাসবি/এভিসিবি-২/

তারিখ : ২০ জানুয়ারি ২০১৮

প্রেস রিলিজ

“গ্রাম আদালত সক্রিয়করণে স্থানীয় প্রশাসনের গুরুত্ব ও করণীয়” শীর্ষক বিভাগীয় সম্মেলন

ইউরোপীয়ান ইউনিয়ন, ইউএনডিপি এবং বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায় বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প এর আওতায় খুলনা বিভাগীয় কমিশনারের কার্যালয় ও স্থানীয় সরকার বিভাগ আজ খুলনায় “গ্রাম আদালত সক্রিয়করণে স্থানীয় প্রশাসনের গুরুত্ব ও করণীয়” শীর্ষক বিভাগীয় সম্মেলন এর আয়োজন করেছে। এ সম্মেলনের মূল উদ্দেশ্য হলো: অল্প সময়ে ও স্বল্প খরচে স্থানীয় ছোটখাটো বিরোধ মীমাংসা এবং গ্রামীণ জনগণের মাঝে বিচারিক সেবা গ্রহণের সুযোগ বৃদ্ধি করার লক্ষ্যে খুলনায় প্রকল্প এলাকার ১৩০ টি ইউনিয়নে কার্যরত গ্রাম আদালতগুলোকে আরো সক্রিয় করতে বিভাগীয় পর্যায়ে দিক-নির্দেশনা লাভ করা।

এ সম্মেলনে প্রধান অতিথি হিসেবে জনাব লোকমান হোসেন মিয়া, বিভাগীয় কমিশনার, খুলনা বলেন, “আমাদের প্রত্যেকে স্বল্প খরচে ও স্থানীয়ভাবে বিরোধ মীমাংসার পাশাপাশি নিম্ন আদালতের দীর্ঘ মামলার জট কমানোর জন্য গ্রাম আদালতকে আরো কার্যকর করতে জোরালো ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন যে, যদি গ্রাম আদালত কার্যকরী হয় তাহলে শতকরা ৮০ ভাগ মামলা স্থানীয়ভাবে নিষ্পত্তি করে এর মাধ্যমে গ্রাম পর্যায়ে শান্তি-শৃংখলা নিশ্চিত করা সম্ভব।”

জনাব মোহাম্মদ ফারুক হোসেন, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) খুলনা এর সভাপতিত্বে আয়োজিত এ সম্মেলনে প্রায় ২০০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন। এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জনাব মোঃ মাহবুব হাকিম, অতিরিক্ত পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা; জনাব নিশ্চিত কুমার পোদ্দার, অতিরিক্ত বিভাগীয় কমিশনার, খুলনা; সুভাষ চন্দ্র সাহা, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), খুলনা; জনাব মোঃ আমিন উল আহসান, জেলা প্রশাসক, খুলনা এবং জনাব তপন কুমার বিশ্বাস, জেলা প্রশাসক, বাগেরহাট।

এছাড়াও ইউএনডিপি এর পক্ষে বক্তব্য রাখেন বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প এর জাতীয় প্রকল্প সমন্বয়ক জনাব সরদার এম আসাদুজ্জামান। তিনি তার বক্তব্যে উল্লেখ করেন যে, গ্রাম আদালত কোন প্রকল্প নয় ‘এটি একটি সেবা’ যা সারা দেশে কার্যকরী করা বাংলাদেশ সরকারের একটি উল্লেখযোগ্য ম্যানডেট। গ্রামীণ জনগণের ন্যায্যবিচার প্রাপ্তি নিশ্চিত করতে মাননীয় প্রধানমন্ত্রী গত ২৫ জুলাই, ২০১৭ সালে আয়োজিত জেলা প্রশাসক সম্মেলনে জেলা প্রশাসক মহোদয়বৃন্দকে ২৩টি নির্দেশনার মধ্যে ৯নং নির্দেশনায় গ্রাম আদালতকে সক্রিয়করণের নির্দেশনা প্রদান করেন।

সম্মেলনে বক্তারা বলেন, স্থানীয় প্রশাসন বিশেষত: জেলা প্রশাসক, উপ-পরিচালক, স্থানীয় সরকার ও উপজেলা নির্বাহী অফিসারগণের নেতৃত্ব এবং নির্দেশনায় খুলনা বিভাগের ০৩ টি জেলার (খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট) ১৬ টি উপজেলায় প্রকল্পটির স্থানীয় পর্যায়ের বিভিন্ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব হয়েছে। এর পাশাপাশি স্থানীয় জনগণের মাঝে গ্রাম আদালত সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং এর সেবা গ্রহণে জনগণকে উদ্বুদ্ধ করতে প্রকল্প এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের নেতৃত্ব ও ভূমিকা প্রশংসনীয়।



বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

Empowered lives.
Resilient nations.

বক্তারা প্রকল্প এলাকাসহ দেশের সব ইউনিয়ন পরিষদের আওতায় গ্রাম আদালতগুলোকে আরো সক্রিয় করতে জেলা উপজেলা পর্যায়ে গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা নিয়মিতকরণ ও এর সিদ্ধান্ত বাস্তবায়নের সুপারিশ করেন। একইসঙ্গে তারা গ্রাম আদালতে নারীবাকব পরিবেশ তৈরিতে চেয়ারম্যানদের অনুকরণীয় উদ্যোগ গ্রহণ করার উপরও জোর দেন।

সম্মেলনে অংশগ্রহণকারী চেয়ারম্যানগণ গ্রাম আদালতের কার্যকরীকরণে গ্রাম আদালতের আর্থিক বিচারিক এখতিয়ার বৃদ্ধি ও প্রশাসনের সকল পর্যায়ে সহযোগিতা প্রত্যাশা করেন।

উল্লেখ্য, এ প্রকল্প স্থানীয়ভাবে সহজে, কম খরচে, দ্রুত এবং স্বচ্ছ প্রক্রিয়ায় বিরোধ নিষ্পত্তি করা এবং অন্যায়ের প্রতিকার লাভের লক্ষ্যে তৃণমূলের দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠী বিশেষত: নারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করছে। প্রকল্পটি বর্তমানে এর ২য় পর্যায়ে দেশের ২৭ জেলার ১২৮ উপজেলার ১,০৮০টি ইউনিয়নে প্রায় ২ কোটি গ্রামীণ জনগণের কাছে সেবা পৌঁছে দেয়ার জন্য কাজ করছে। এছাড়াও প্রকল্পটি এর ১ম পর্যায়ে দেশের ৬টি বিভাগের (ঢাকা, রংপুর, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট) ৩৫১টি ইউনিয়নে ২৫ লাখের ও বেশি স্থানীয় লোকজনকে (১৯,৫৩,০০০ নারী) বিচারিক সুবিধা পেতে সাহায্য করেছে।

দ্রষ্টব্য: ইউরোপীয়ান ইউনিয়ন ও ইউএনডিপি উন্নয়ন সহযোগী হিসেবে বাংলাদেশ সরকারের সঙ্গে বিভিন্ন উন্নয়নমূলক বিশেষ করে গ্রামীণ জনগণের কাছে গণতান্ত্রিক সুশাসন ও বিচারিক সুবিধা নিশ্চিত করতে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করে থাকে।

আরো তথ্য পেতে যোগাযোগ করুন:

- মামুনুর রশিদ খান, ডিস্ট্রিক ফ্যাসিলিটেটর, খুলনা
বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প
মোবাইল: ০১৭০৮-৪৬৯০২৯, ইমেইল: mamunur.khan@undp.org
- অর্পণা ঘোষ, কমিউনিকেশনস ও আউটরিচ স্পেশালিস্ট,
বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প
মোবাইল: ০১৭০-৮১২২৯৪০, ইমেইল: arpona.ghosh@undp.org

ধন্যবাদান্তে,

জনাব হোসেন আলী খোন্দকার
পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ